



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি শামসুর রহমান কলেজ
গোসাইরহাট, শরীয়তপুর।

www.gsrc.edu.bd

Email: srcollege.ghat@gmail.com



তারিখ : ৩১/০৭/২০২১ খ্রি.

২০২১ সালের এইচএসসি পরীক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট জমাদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

সরকারি শামসুর রহমান কলেজে অধ্যয়নরত ২০২১ সালের এইচএসসি পরীক্ষার্থী (নিয়মিত, অনিয়মিত, জিপিএ উন্নয়ন ও অকৃতকার্য) এবং পরীক্ষার্থীদের অভিভাবকবৃন্দ সহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সময়োপযোগী যথাযথ সিদ্ধান্তের আলোকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ২০২১ সালের সকল পরীক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট কার্যক্রম চালু করেছে।

অন্যান্য কার্যক্রমের সঙ্গে অ্যাসাইনমেন্ট মূল্যায়নের ভিত্তিতে ২০২১ সালের এইচএসসি পরীক্ষার ফলাফল প্রস্তুত করা হবে।

অ্যাসাইনমেন্ট কার্যক্রমের বাইরে থাকা কোন শিক্ষার্থী ২০২১ সালের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

০৩ (তিন) টি নৈর্বাচনিক (যার জন্য যা প্রযোজ্য) বিষয়ের ১ম অ্যাসাইনমেন্ট কলেজের ওয়েবসাইট www.gsrc.edu.bd তে ইতোমধ্যে আপলোড করা হয়েছে।

১ম অ্যাসাইনমেন্ট যথা নিয়মে প্রস্তুত করে আগামী ০৭/০৮/২১ তারিখ থেকে ০৯/০৮/২১ তারিখের মধ্যে নিদিষ্ট গাইড টিচারের নিকট অবশ্যই জমা দিতে হবে।

অ্যাসাইনমেন্ট মূল্যায়নে যদি কোন শিক্ষার্থীর ক্ষেত্রে অনলাইন ডকুমেন্ট, নোট গাইড বা অন্য কোন কপি হুবহু বা আংশিক নকল প্রমানিত হয়, তবে সংশ্লিষ্ট অ্যাসাইনমেন্ট বাতিল করা হবে।

যে সকল শিক্ষার্থী ইতোপূর্বে ১ বা ২ বিষয়ে অকৃতকার্য হয়েছে, বা জিপিএ উন্নয়ন করতে অগ্রহী তাদের উক্ত নৈর্বাচনিক বিষয়ে অ্যাসাইনমেন্ট প্রস্তুত করতে হবে।

আবশ্যিক ও চতুর্থ বিষয়ে অ্যাসাইনমেন্ট প্রস্তুত করার প্রয়োজন নেই।

অ্যাসাইনমেন্ট জমা প্রদানের সময় শিক্ষার্থীদের অবশ্যই স্বাস্থ্যবিধি মেনে মাস্ক পরিধান করে কলেজে আসতে হবে।

যারা কলেজে আসতে সমর্থ হবে না তারা অ্যাসাইনমেন্টের স্ক্যান কপি কলেজের ই-মেইল (srcollege.ghat@gmail.com) ঠিকানায় অনলাইনে প্রেরণ করতে পারবে।

বিষয়টি অতীব জরুরি।

৩১/০৭/২১

মোঃ ফজলুল হক

বিসিএস (সাধারণ শিক্ষা)

আইডি নং-১৯০২

অধ্যক্ষ

সরকারি শামসুর রহমান কলেজ

গোসাইরহাট, শরীয়তপুর।